দৈনিক বাংলা

তারিখ 08 AUG 1993
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৮ ...

# আজ সব ভার্সিটি শিক্ষকদের ধর্মঘট

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ গত ২৯ জুলাই জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শিক্ষকদের উপর হামলার প্রতিবাদে এবং অভিযুক্তদের গ্রেফতার ও বিচারের দাবীতে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশন

(৮-এর পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## আজ সব ভার্সিটি

(প্রথম পৃষ্ঠার পর)

আজ রোববার দেশের সকল বিশ্ববিদ্যালয়ে শিক্ষকদের কর্মবিরতি ও মৌন মিছিল আহবান করেছে।

উল্লিখিত কর্মসূচীর প্রতি সমর্থন জানিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের কর্মবিরতি পালন ও সকাল ১০টায় অপরাজেয় বাংলার পাদদেশ থেকে মৌন মিছিলে অংশ নেয়ার আহবান জানিয়েছে।

আজকের পরীক্ষাসমূহ কর্মবিরতি ও মৌন মিছিল কর্মসূচীর আওতাবহির্ভূত থাকবে।

আমাদের জাহাঙ্গীরনগর ভার্সিটি সংবাদদাতা জানান, বন্ধের ৯ দিন অতিবাহিত হওয়ার পরও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অচল অবস্থা এখনও কাটেনি। গত ২৯ জুলাই সংঘটিত ঘটনার প্রতিবাদে এবং সন্ত্রাসীদের বিচারের দাবীতে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক অফিস, লাইব্রেরীসহ সকল অফিস বন্ধ রয়েছে। শিক্ষকদের সঙ্গে একাত্মতা ঘোষণা করে অফিসার, কর্মচারী সবাই, একযোগে কর্মবিরতি ও প্রতীক অনশন পালন করে চলেছেন। গতকাল শনিবার ছিল প্রতীক অনশনের শেষ দিন। আজ রোববার ওই ঘটনার প্রতিবাদে সকল বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা ধর্মঘট করবেন বলে জানান হয়েছে। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ও যৌথ কমিটি নতুন কর্মসূচী ঘোষণা দেবে বলে জানা গেছে।

### গণতান্ত্রিক ছাত্রঐক্যের মিছিল

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় গণতান্ত্রিক ছাত্র ঐক্য বিশ্ববিদ্যালয় খোলার দাবীতে আজ ক্যাম্পাসে এক মিছিল বের করে। মিছিলটি কলাভবন থেকে শুরু হয়ে ভাইস চ্যান্সেলর অফিসে এসে শেষ হয়। তারা মিছিল শেষে ভাইস চ্যান্সেলরের কাছে এক স্মারকলিপি পেশ করে অবিলম্বে বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবী জানায়। স্মারকলিপিতে দোষী ব্যক্তিদের শাস্তি ও তাদের গ্রেফতারের দাবী জানান হয়। তারা ভাইস চ্যান্সেলরের সাথে কিছু সময় কাটান ও মত বিনিময় করেন। এ সময় ছাত্র ইউনিয়নের আতিকুল খোন্দকার টিপু ও সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের কাজী আফজাল আহমেদ কপিল স্ব স্ব পক্ষে নেতৃত্ব দেন।